

ভারতের পদ্মভূষণ পেলেন অধ্যাপক আনিসুজ্জামান

যুগান্তর ডেক

বিশিষ্ট, শিক্ষাবিদ, অধ্যাপক আনিসুজ্জামান ভারতের রাষ্ট্রীয় সম্মাননা 'পদ্মভূষণ' পেয়েছেন। ভারতের সর্বোচ্চ বিনয় উপদেয় এটি ঘোষণা করা হয়। শনিবার ভারতের টাইমস অব ইন্ডিয়ার খবরে বলা হয়, এ বছর 'পদ্মভূষণ' পেয়েছেন মূলত, 'পদ্মভূষণ' ২৪ জন এবং 'পদ্মশ্রী' পেয়েছেন ১০১ জন। এর মধ্যে শিক্ষা ও সাহিত্যে পদ্মভূষণ পেয়েছেন অধ্যাপক আনিসুজ্জামান। পদ্মভূষণ ভারতের তৃতীয়, বেসামরিক সর্বোচ্চ সম্মাননা।

পদ্মভূষণ সম্মানে ভূষিত হওয়ার প্রতিক্রিয়ায় অধ্যাপক আনিসুজ্জামান বলেন, 'আমি এ বিষয়ে আমি কিছু জানতাম না। তাই এটি আমার কাছে অপ্রত্যাশিত আনন্দের সংবাদ। আমি খুব সম্মানিত বোধ করছি। ভারত সরকারকে ধন্যবাদ জানাই।'

অধ্যাপক আনিসুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি অধ্যাপক। ১৯০৭ সালের ১৮ ফেব্রুয়ারি ভারতের পশ্চিমবঙ্গের চকিণ পরগনা জেলায় বশিরহাটে জন্মগ্রহণ করেন। কর্মজীবনে তিনি ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন। ১৯৬২ সালে তিনি পিএইচডি করেন। তার পিএইচডির অভিসন্দর্ভের বিষয় ছিল 'ইংরেজ আনন্দের বাংলা সাহিত্যে ব্যঙ্গাদি মূল্যমানের চিত্রাধারা (১৭৫৭-১৯১৮)'। ১৯৬৪ সালে শিকাগো বিশ্ববিদ্যালয়ে ডক্টরাল ফেলো হিসেবে বৃত্তি পান। ১৯৬৯ সালের জুন মাসে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বাংলা বিভাগের সিনিয়র হিসেবে যোগ দেন। তরুণ বয়সে তিনি রাষ্ট্রভাষা আন্দোলনে সম্পৃক্ত হন। ১৯৭১ সালে তিনি মুক্তিযুদ্ধে যোগ দেন। এ ছাড়া শহীদ জননী জাহানারা ইমামের নেতৃত্বে মুজাপরাধীদের বিচারে গঠিত গণ-আদালতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৯৮৫ সালে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ দেন। অধ্যাপক আনিসুজ্জামান দেশ-বিদেশে এর আগেও বিভিন্ন পদক ও পুরস্কার পেয়েছেন। এর মধ্যে আছে বাংলা একাডেমি পুরস্কার, একুশে পদক, আনন্দ পুরস্কার, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সম্মানপত্রক ডিপিটি।